একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
www.mopme.gov.bd

মুজিব MUJIB 100

নম্বর ৩৮.০০.০০০০.০০৬.২০.১৫৭.২২.০৩৮

তারিখ ১৯ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ বিষয়ে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)'র সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয়ে গত ০১/০২/২০২২ তারিখে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বিএমসি (BMC) সভার কার্যবিবরণী সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

০৭.০২.২২
(ছামছুন নাহার)
সিনিয়র সহকারী সচিব (বাঃওঅঃ)
ফোন: ০২-৯৫৭৭২৬৩

বিতরণ:
১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৩। সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
(দৃঃ আঃ- জনাব ইশরাত জাহান তসলিম, অতিরিক্ত সচিব)
৪। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৫। মহাপরিচালক (শিক্ষা ও সামাজিক), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৮। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৯। অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১০। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
১১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
১২। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরীবিক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
১৩। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
১৪। যুগ্মসচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। যুগ্মসচিব (পরিকল্পনা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। উপসচিব, বাজেট-১ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (BMC সভার কার্যবিবরণীটি ওয়েব সাইডে প্রকাশের অনুরোধসহ)
১৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ (৫ম তলা) সেগুনবাগিচা, ঢাকা।
১৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

**অনুলিপি:**
১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাজেট ও অডিট অনুবিভাগ
বাজেট শাখা

বিষয়: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ বিষয়ে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | গোলাম মোঃ হাসিবুল আলম<br>সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| তারিখ | : | ০১ ফেব্রুয়ারি, ২০২২ |
| সময় | : | বেলা ১১:০০ টা |
| সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট 'ক' । |

০২। সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করেন। অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) উল্লেখ করেন যে, অদ্যকার বিএমসি সভায় মন্ত্রণালয় এবং এর অধিনস্ত দপ্তর/সংস্থাসমূহের ২০২২-২৩ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়ন সংক্রান্ত। এ বিষয়ে গত ১৭ ডিসেম্বর ২০২১ তারিখে অর্থ বিভাগ থেকে বাজেট পরিপত্র-১ জারী করা হয় এবং উক্ত পরিপত্রের গাইড লাইনস অনুযায়ী বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ চূড়ান্তকরত আগামী ০৭ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের মধ্যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ এবং সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণের জন্য অনুশাসন প্রদান করা হয়।

০৩। অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) আরো জানান যে, অর্থ বিভাগের প্রদত্ত সিলিং অনুযায়ী মন্ত্রণালয় এবং এর অধিনস্ত দপ্তর/সংস্থাসমূহের ২০২২-২৩ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং যথাক্রমে ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণের খসড়া প্রণয়ন করা হয়েছে। এ সভায় আলোচনার মাধ্যমে উক্ত প্রাক্কলন ও প্রক্ষেপণ চূড়ান্ত করা হবে। এ লক্ষ্যে পরিচালন ও উন্নয়ন বাজেটের বিস্তারিত বিভাজন পাওয়ার পয়েন্টের মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়। অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত সিলিং বিশ্লেষণে দেখা যায় যে, ২০২১-২২ অর্থবছরের তুলনায় ২০২২-২৩ অর্থবছরে ৭.৭২ শতাংশ এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরে যথাক্রমে ১০ শতাংশ হারে বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে।

০৪। প্রথমত মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাভিত্তিক পরিচালন ব্যয় সভায় উপস্থাপন করা হলে অর্থ বিভাগের প্রতিনিধি মন্ত্রণালয়ের সচিবালয় অংশে এবং গবেষণা ও উদ্ভাবনীখাতে কিছু ত্রুটি-বিচ্যুতি সভায় তুলে ধরেন। সভাপতি ত্রুটি বিচ্যুতিগুলো সংশোধন করার জন্য বাজেট অনুবিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। স্কুল ফিডিং প্রকল্পটি ডিসেম্বর, ২০২১ এ সমাপ্ত হয়েছে বিধায় ২০২২-২৩ অর্থবছরের প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ বাবদ বরাদ্দে স্কুল ফিডিং এর অর্থ না রাখার বিষয়ে সভায় মতামত পাওয়া যায়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মেট্রোপলিটান থানা শিক্ষা অফিসসমূহ এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে বরাদ্দ কম চাওয়ার বিষয়টি উত্থাপন করা হলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি উল্লেখ করেন যে, ২০২১-২২ অর্থবছরের প্রস্তাবিত সংশোধিত বাজেটের সাথে সমন্বয় করে যৌক্তিকভাবে প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন করা হয়েছে। বিষয়টি যথাযথ হয়েছে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়। অর্থ বিভাগের প্রতিনিধি সিলিং বহির্ভূত কোন এন্ট্রি না দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। ০৫। উন্নয়ন প্রকল্পের বরাদ্দ চাহিদার তুলনায় কম উল্লেখ করা হলে অর্থ বিভাগের প্রতিনিধি উল্লেখ করেন যে, আগামী ২০২২-২৩ সালের বাজেট ইতোমধ্যে প্রায় চূড়ান্ত হয়ে গেছে। এ পর্যায়ে প্রদত্ত সিলিং ক্রস করা সম্ভব হবে না। তবে জিওবি অর্থের পরিমাণ নির্ধারিত থাকলেও প্রকল্প সাহায্যের পরিমাণ হ্রাস বা বৃদ্ধি পেলে তা বাজেট বরাদ্দে প্রতিফলন করা যাবে। পিইডিপি৪ প্রকল্পের বরাদ্দ অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত সিলিং এর তুলনায় ব্যাপক বৃদ্ধির প্রস্তাব করায় সভায় এর বাস্তবায়ন সক্ষমতা নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের

পক্ষে অতিরিক্ত মহাপরিচালক উল্লেখ করেন যে, প্রকল্পটি জুন, ২০২৩ এ সমাপ্তির জন্য নির্ধারিত থাকায় ডিপিপি'র অব্যয়িত অর্থের বিষয়টি চিন্তা করে ২০২২-২৩ অর্থবছরের প্রাক্কলনে বেশী অর্থের প্রস্তাব করা হয়েছে। তবে নির্মাণ সংস্থা এলজিইডির সাথে আলোচনা করে তাদের সামর্থ অনুযায়ী প্রকৃত এবং যৌক্তিক বরাদ্দ নির্ধারণ করা যায় মর্মে অতিরিক্ত মহাপরিচালক জানান। সভায় এ বিষয়ে সকলে একমত প্রকাশ করেন। সভায় আরো উল্লেখ করা হয় যে, কোন উন্নয়ন প্রকল্পে বা পরিচালন বাজেটের কোন খাত-উপখাতে বিশেষ প্রয়োজনে অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে তা মাননীয় প্রতিমন্ত্রী অথবা সচিব কর্তৃক আধা-সরকারি পত্রের মাধ্যমে অর্থ বিভাগে চাহিদা প্রেরণ করার নিয়ম আছে।

০৬। সভায় চলতি ২০২১-২২ অর্থবছরের ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ব্যয়ের হিসেব উপস্থাপন করা হয়। পরিচালন বাজেটের বিপরীতে ৪৫ শতাংশ এবং উন্নয়ন বাজেটের বিপরীতে ২৪.৭৫ শতাংশ ব্যয় হয়েছে মর্মে উল্লেখ করা হয়। পরিচালন ও উন্নয়ন বাজেট মিলে গড়ে ব্যয় হয়েছে ৩১.২১ শতাংশ। উন্নয়ন বাজেটের ব্যয় সন্তোষজনক পর্যায়ে হয়নি মর্মে সভাপতি কর্তৃক উল্লেখ করা হলে মন্ত্রণালয়ের উন্নয়ন অনুবিভাগ হতে জানানো হয় যে উক্ত ব্যয় জাতীয় গড়ের সমপর্যায়ে আছে। সভাপতি চলতি অর্থবছরের অবশিষ্ট ৫ মাসে প্রকল্পের অগ্রগতি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদপ্তর/সংস্থাপ্রধানসহ প্রকল্প পরিচালকদের নির্দেশ প্রদান করেন।

০৭। মন্ত্রণালয় এবং এর অধিনস্ত দপ্তর/সংস্থাসমূহের ২০২২-২৩ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণের চিত্র সংযোজনী-১ এ উপস্থাপন করা হয়। প্রস্তাবিত সিলিং এর আলোকে আগামী ০৩.০২.২০২২ তারিখের মধ্যে আইবাস++ এ খাতভিত্তিক যথাযথ অর্থনৈতিক কোড অনুসরণপূর্বক এন্ট্রি দেয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরামর্শ প্রদান করা হয়। পরবর্তীতে মন্ত্রণালয় এবং এর অধিনস্ত দপ্তর/সংস্থাভিত্তিক রাজস্ব প্রাপ্তি এবং প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় যা সংযোজনী-২ এ সংযুক্ত করা হলো।

০৮। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৮.১) ২০২২-২৩ অর্থবছরের বাজেট প্রাক্কলন (পরিচালন ২০২৬৩.৯৫ কোটি+ উন্নয়ন ৮০৮২.১৩ কোটি) এবং যথাক্রমে ২০২৩-২৪ অর্থবছরের প্রক্ষেপণ (পরিচালন ২২৪৭০.০৯ কোটি+ উন্নয়ন ৮৭১০.৬০ কোটি) ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ (পরিচালন ২৩৩৮৬.৩৪ কোটি+ উন্নয়ন ১০৯১২.৪২ কোটি) এ প্রদত্ত বরাদ্দ যুগপৎভাবে অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনে প্রেরণের নিমিত্ত অনুমোদন করা হয়।

৮.২) দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তবৃন্দ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণে প্রদত্ত বরাদ্দ (পরিচালন ও উন্নয়ন) আগামী ০৩.০২.২০২২ তারিখের মধ্যে আইবাস++ এ খাতভিত্তিক যথাযথ অর্থনৈতিক কোড অনুসরণপূর্বক এন্ট্রি দিতে হবে।

৮.৩) পিইডিপি৪ এর প্রকৃত বাস্তবায়ন সক্ষমতা বিবেচনাক্রমে বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ নির্ধারণ করতে হবে।

৮.৪) সরকারের রাজস্ব আহরণে গতিশীলতা আনয়নের লক্ষ্যে এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

৯.০। আলোচনা শেষে উপস্থিত কর্মকর্তাদের ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/০২/২০২২

গোলাম মোঃ হাসিবুল আলম
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি।

সংযোজনী-৩

### প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের ২০২২-২৩ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ (সার-সংক্ষেপ)

(অঙ্কসমূহ লক্ষ টাকায়)

**পরিচালন কার্যক্রম (অনুন্নয়ন):**

| কোড নং | দপ্তর/সংস্থার নাম | বাজেট | ডিসেম্বর/২১ পর্যন্ত ব্যয় | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| | **সচিবালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়** | | | | | |
| | **সাধারণ কার্যক্রম:** | | | | | |
| ১২৪০১০১১০৭৫২৭ | (ক) সচিবালয় | ১৪৩৮.০০ | ৪৭৫.০৩ | ১৫৮৫.৪৯ | ১৬৭৪.৪৮ | ১৭৭৩.৯৪ |
| ১২৪০১০১১০৭৫২৮ | (খ) বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা (সিপিই) | ৫৮০.০০ | ১৮১.০০ | ৬২৫.০০ | ৬৭০.০০ | ৭২৫.০০ |
| | **উপমোট (সাধারণ কার্যক্রম):** | **২০১৮.০০** | **৬৫৬.০৩** | **২২১০.৪৯** | **২৩৪৪.৪৮** | **২৪৯৮.৯৪** |
| | **বিশেষ কার্যক্রম:** | | | | | |
| ১২০০০০৮০১ | (ক) সরকারি কর্মচারীদের জন্য ঋণ | ২৮.০০ | - | ২৬.৫০ | ২৮.৫০ | ৩২.০০ |
| ১২০০০১৪১১ | (খ) বাস্তবায়ন মনিটরিং সেল (স্কুল ফিডিং) | ৩৫৩৫.৪৪ | - | ৩৫৩৫.০০ | ৩৫৩৫.০০ | ৩৫৩৫.০০ |
| ১২০০০১৪১২ | (গ) শিক্ষা সপ্তাহ | ৪৫.০০ | - | ৫০.০০ | ৫৫.০০ | ৬০.০০ |
| ১২০০০৮৪২১ | (ঘ) গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রম | ১০.০০ | - | ১০.০০ | ১১.০০ | ১২.০০ |
| | **উপমোট (বিশেষ কার্যক্রম):** | **৩৬১৮.৪৪** | **০.০০** | **৩৬২১.৫০** | **৩৬২৯.৫০** | **৩৬৩৯.০০** |
| | **সহায়তা কার্যক্রম:** | | | | | |
| ১৩১০০৪১০০ | (ক) জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি | ৯৯৭.০০ | ৩০৭.২০ | ৮৯৪.৩০ | ৯৪৬.৩২ | ৯৭৫.৫০ |
| ১৩২০১১৬০০ | (খ) শিশু কল্যাণ ট্রাস্ট | ৪১২৫.০০ | ১৭১৪.৩৬ | ৪৩০৬.০০ | ৪৩৫৩.০০ | ৪৫৮৩.০০ |
| | **উপমোট (সহায়তা কার্যক্রম):** | **৫১২২.০০** | **২০২১.৫৬** | **৫২০০.৩০** | **৫২৯৯.৩২** | **৫৫৫৮.৫০** |
| | **মোট-সচিবালয় (পরিচালন)** | **১০৭৫৮.৪৪** | **২৬৭৭.৫৯** | **১১০৩২.২৯** | **১১২৭৩.৩০** | **১১৬৯৬.৪৪** |
| | **প্রাথমিক শিক্ষা অধিদপ্তর** | | | | | |
| | **সাধারণ কার্যক্রম:** | | | | | |
| ১২৪০২০১১০৭৫২৯ | (১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (প্রধান কার্যালয়) | ১৬৮৪৭.০০ | ২০১৬.১৫ | ১৪৩৫৭.৯১ | ১৫১৪৭.৬০ | ১৫৯৮০.৭১ |
| | **বিশেষ কার্যক্রম:** | | | | | |
| | ১. প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা | ৭৩৩৮.০০ | - | ৭৩৩৮.০০ | ৭৭০০.০০ | ৭৭০০.০০ |
| | ২. বিনামূল্যে পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ: | ৫৬১৯৭ | | ৫৬৫৫০.০০ | ৫৭০১০.০০ | ৫৭৫১০.০০ |
| | **উপমোট (বিশেষ কার্যক্রম):** | **৬৩৫৩৫.০০** | **৮১৬৩.৬৫** | **৬৩৮৮৮.০০** | **৬৪৭১০.০০** | **৬৫২১০.০০** |
| | ৩. উপবৃত্তি | ১৯০০০০.০০ | | ১৯০০০০.০০ | ১৯০০০০.০০ | ১৯০০০০.০০ |
| ১২৪০২০২০০০০০০ | (২) বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিসসমূহ | ৮৪০.০০ | ২৮২৭.০৫ | ৮৯৮.৮০ | ১০৫৭.২২ | ১০০০.৩৯ |
| ১২৪০২০৩০০০০০০ | (৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসসমূহ | ৪৮১৩.৭০ | ২২২১.০০ | ৫১৫০.৬৬ | ৫৫৮৫.৪৫ | ৫৭৩২.৮১ |
| ১২৪০২০৪০০০০০০ | (৪) উপজেলা শিক্ষা কার্যালয়সমূহসমূহ | ৩১০৫৩.০০ | ১২১১১.৫৭ | ৩২৭৪০.১০ | ৩৫৮৬৮.২০ | ৩৬৪৪০.৫৫ |
| ১২৪০২০৫০০০০০০ | (৫) মেট্রোপলিটান থানা শিক্ষা অফিসসমূহ | ১৬৬৬.৬৮ | ৪৪৮.৯৬ | ১৬৬৭.৬৮ | ১৭০০.০০ | ১৭৫০.০০ |
| ১২৪০২০৬০০০০০০ | (৬) উপজেলা রিসোর্স সেন্টারসমূহ | ৯৮৯২.০০ | ৪২০৩.৬৯ | ১০২৩৬.০৬ | ১৫১১৪.৪০ | ১১৬১৫.৬০ |
| ১২৪০২০৭০০০০০০ | (৭) থানা রিসোর্স সেন্টারসমূহ | ৫৬১.০০ | ২৫৭.৭১ | ৫৮৮.০২ | ৭২৬.২৪ | ৬৫৪.৪৮ |

০৬.০২.২২

ছামছুন নাহার
সিনিয়র সহকারী সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিচালন কার্যক্রম (অনুন্নয়ন):** (অঙ্কসমূহ লক্ষ টাকায়)

| কোড নং | দপ্তর/সংস্থার নাম | বাজেট | ডিসেম্বর/২১ পর্যন্ত ব্যয় | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১২৪০২০৮০০০০০০ | (৮) প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউশন | ৯৮২২.০০ | ৪০৫৫.৮৬ | ১০৩৩৫.৮৪ | ১০৯০৪.৩১ | ১১৫০৪.০৫ |
| ১২৪০২০৯০০০০০০ | (৯) সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ | ১৪৮৬৮৫১.০০ | ৭৭৯৫০৬.৯৭ | ১৬৮২৬৩৭.৯২ | ১৮৯১৮৮৫.৮০ | ১৯৮৩৮৩৪.৪৮ |
| | **মোট-প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (পরিচালন)** | **১৮১৫৮৮১.৩৮** | **৮১৫৮৫২.৬১** | **২০১২৫০০.৯৯** | **২২৩২৬৯৯.২২** | **২৩২৩৭২৩.০৭** |
| | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | | | | | |
| | **সাধারণ কার্যক্রম:** | | | | | |
| ১২৪০৩০১১০৮৬৯৬ | (ক) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (প্রধান কার্যালয়) | ১০০৮.০০ | ৮৯৮.২২ | ১১৮৯.৮ | ১২৮১.৯৬ | ১৩৬৩.৪৭ |
| ১২৪০৩০২০০০০০০ | (খ) জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | ১৫০০.০০ | - | ১৬৭১.৬৫ | ১৭৫৪.১৫ | ১৮৫১.১৫ |
| | **মোট-উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (পরিচালন)** | **২৫০৮.০০** | **৮৯৮.২২** | **২৮৬১.৪৫** | **৩০৩৬.১১** | **৩২১৪.৬২** |
| | **সর্বমোট-প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (পরিচালন):** | **১৮২৯১৪৭.৮২** | **৮১৯৪২৮.৪২** | **২০২৬৩৯৪.৭৩** | **২২৪৭০০৮.৬৩** | **২৩৩৮৬৩৪.১৩** |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **অর্থ মন্ত্রণালয় কর্তৃক সিলিং:** | **২৬৩১৩৯৭০০.০০** | | **২৮৩৪৬০৮.০০** | **৩১১৮০৬৯.০০** | **৩৪২৯৮৭৬.০০** |
| উন্নয়ন বাজেট | ৮০২২৪৯০০.০০ | | ৮০৮২১৩.২৭ | ৮৭১০৬০.৩৭ | ১০৯১২৪১.৮৭ |

06.02.22

ছামছুন নাহার
সিনিয়র সহকারী সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়াধীন প্রকল্পসমূহের ২০২২-২৩ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট প্রক্ষেপন:**

( লক্ষ টাকায়)

| কোড নং | দপ্তর/সংস্থার নাম | প্রাক্কলন (২০২২-২৩) | প্রক্ষেপন | |
|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১২৪০১০১১০৭৫২৭ | সচিবালয়-প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ১০,০০০.০০ | ৫০,০০০.০০ | ৫০,০০০.০০ |
| ১২৪০২০১১০৭৫২৯ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ৭৯৮২১৩.২৭ | ৮২১০৬০.৩৭ | ১০৪১২৪১.৮৭ |
| ১২৪০৩০১১০৮৬৯৬ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | - | - | - |
| | মোট = | ৮০৮২১৩.২৭ | ৮৭১০৬০.৩৭ | ১০৯১২৪১.৮৭ |

**প্রকল্পভিত্তিক বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপন:**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকল্পের মোট বরাদ্দ | ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দ | বাজেট প্রাক্কলন ২০২২-২৩ | | | বাজেট প্রক্ষেপন | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২৩-২৪ | | | ২০২৪-২৫ | | |
| | | | | মোট | জিওবি | প্রকল্প সাহায্য | মোট | জিওবি | প্রকল্প সাহায্য | মোট | জিওবি | প্রকল্প সাহায্য |
| * | মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য থোক বরাদ্দ | | | ২০০০.০০ | ২০০০.০০ | | ৩০,০০০.০০ | ৩০,০০০.০০ | | ৫০,০০০.০০ | ৫০,০০০.০০ | |
| ১ | প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (৪র্থ পর্যায়) প্রকল্প (১/১/২০১৯-৩০/৬/২০২৩) | ৩৫,৫৪০.৭৬ | ৪,৯৬৩.৪২ | ৮০০০.০০ | ৮,০০০.০০ | - | ২০,০০০.০০ | ২০,০০০.০০ | - | - | - | - |
| ২ | চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (১ম পর্যায়) (১/৭/২০১৬-৩১/১২/২০২২) | ৯১২,৩৮৪.৯৮ | ১৪৪,৯৮৩.০০ | ১৬০০০০.০০ | ১৬০,০০০.০০ | - | ১৮০,০০০.০০ | ১৮০,০০০.০০ | | - | - | - |
| ৩ | চাহিদা ভিত্তিক নতুন জাতিয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (১ম পর্যায়) (১/৭/২০১৬-৩১/১২/২০২২) | ৫৭৪,০৫৯.৪৫ | ৮৪,৯৯০.০০ | ৯০০০০.০০ | ৯০,০০০.০০ | - | ৩০,০০০.০০ | ৩০,০০০.০০ | - | - | - | - |
| ৪ | প্রাথমিক পর্যায়ে শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন প্রকল্প (৩১/৩/২০১৯-৩১/১২/২০২২) | ১৬,৪০৪.৬৬ | ১৩,৭০৬.৫০ | ৭৩৯০.০০ | ৭,৩৯০.০০ | - | - | - | - | - | - | - |
| ৫ | ঢাকা মহানগরী ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ প্রকল্প (০১/০১/২০২০-৩১/১২/২০২৪) | ১১৫,৯২০.৫৩ | ১০,০০০.০০ | ৪০০০০.০০ | ৪০,০০০.০০ | - | ৫০,০০০.০০ | ৫০,০০০.০০ | - | ২০,০০০.০০ | ২০,০০০.০০ | - |
| ৬ | সাপোর্ট টু কোয়ালিটি এনহেন্সমেন্ট ইন প্রাইমারি এডুকেশন (১/৭/২০২০-৩০/৬/২০২২) | ৯৯৬.০০ | ৫১০.৫০ | ৪৫৫.৫০ | - | ৪৫৫.৫০ | - | - | - | - | - | - |
| ৭ | বাংলাদেশ কোভিড -১৯ স্কুল সেক্টর রেসপন্স (সিএসএসআর) (১/৭/২০২০-৩০/৬/২০২২) | ১২,৮৪০.৮০ | ১১,৮৪০.০০ | ৫৩৬৮.০০ | ৮১.০০ | ৫,২৮৭.০০ | - | - | - | - | - | - |
| ৮ | চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) (১/৭/২০১৮-৩০/৯/২০২৩) | ৩,৮৩৯,৭১৬.০০ | ৩১০,৫৯০.০৪ | ৪৯৩৩০৫.০৬ | ৪৭০,৫৯২.৫৪ | ২২,৭১২.৫২ | - | - | - | - | - | - |
| * | পিইডিপি৪ উত্তর নতুন কর্মসূচি | | | ০.০০ | | | ৫৬১,০৬০.৩৭ | ৪১১,০৬০.৩৭ | ১৫০,০০০.০০ | ১,০২১,২৪১.৮৭ | ৭৫১,২৪১.৮৭ | ২৭০,০০০.০০ |
| ৯ | বাংলাদেশের ৫০৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কম্পিউটার ও ভাষা ল্যাব স্থাপন (১/১/২০১৯-৩১/১২/২০২২) | ২,৮৬৯.১৩ | ১,১৪১.০০ | ১৬৯৪.৭১ | ১৪৯.৭৩ | ১,৫৪৪.৯৮ | - | - | - | - | - | - |
| ১০ | মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা (১/২/২০১৪-[illegible]৬/২০২২) | ৪৫,২৫৯.০০ | ১৪,৩০৮.০০ | - | - | - | - | - | - | - | - | - |

* ২০২২-২৩ অর্থবছরে পিএ বরাদ্দ প্রাক্কলন ভুল আছে। ইআরডি হতে পিএ বরাদ্দ সংশোধনপূর্বক তা ২০২২-২৩ অর্থবছরের বাজেট প্রাক্কলনে প্রতিফলন করা হবে।

...op\Budget Prokhapon 2023-24_2024-25.xlsx

02-02-22 4:53 PM

সংযোজনী-২

**মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব প্রা্তির প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ (সার-সংক্ষেপ)**

**রাজস্ব ও প্রাপ্তি:** (অঙ্কসমূহ লক্ষ টাকায়)

| কোড নং | দপ্তর/সংস্থার নাম | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১২৪০১০১১০৭৫২৭ | (ক) সচিবালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ৩৪৩০০.০০ | ২৬১.৭৫ | ৩২৬.২২ | ৩৬২.৩৫ |
| ১২৪০১০১১০৭৫২৮ | (খ) বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা (সিপিই) | ১০০.০০ | ০.২৫ | ০.৩০ | ০.৩৫ |
| | **মোট-সচিবালয়:** | **৩৪৪০০.০০** | **২৬২.০০** | **৩২৬.৫২** | **৩৬২.৭০** |
| ১৩১০০৪১০০ | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি | ২২৫.০০ | ২২০.০০ | ২১০.০০ | ২১০.০০ |
| ১৩২০১১৬০০ | শিশু কল্যাণ ট্রাস্ট | | | | |
| | **মোট নেপ+শিশু কল্যাণ:** | **২২৫.০০** | **২২০.০০** | **২১০.০০** | **২১০.০০** |
| ১২৪০২০১১০৭৫২৯ | (ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (প্রধান কার্যালয়) | ৩৮০৪৫০০.০০ | ৪২৯২১.০০ | ৪৭২৬৬.৫৩ | ৫২১৪৬.৭৮ |
| ১২৪০২০৪০০০০০০ | (খ) উপজেলা শিক্ষা কার্যালয়সমূহসমূহ | ৫০০০০.০০ | ৩৫০.০০ | ৩৬৯.২৫ | ৩৮৯.৫৬ |
| ১২৪০২০৮০০০০০০ | (গ) প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউশন | ৩০০০০.০০ | ১০০.০০ | ১০৫.৫০ | ১১১.৩০ |
| ১২৪০২০৯০০০০০০ | (ঘ) সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ | ২৭০০০০.০০ | ২২০০.০০ | ২৩২১.০০ | ২৪৪৮.৬৬ |
| | **মোট-প্রাথমিক শিক্ষা অধিদপ্তর:** | **৪১৫৪৫০০.০০** | **৪৫৫৭১.০০** | **৫০০৬২.২৮** | **৫৫০৯৬.৩০** |
| ১২৪০৩০১১০৮৬৯৬ | (ক) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (প্রধান কার্যালয়) | ২৫০০০.০০ | ৩১০.০০ | ৪০০.২০ | ৪৩০.০০ |
| ১২৪০৩০২০০০০০০ | (খ) জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | | | | |
| | **মোট-উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো:** | **২৫০০০.০০** | **৩১০.০০** | **৪০০.২০** | **৪৩০.০০** |
| | **সর্বমোট-প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়:** | **৪২১৪১২৫.০০** | **৪৬৩৬৩.০০** | **৫০৯৯৯.০০** | **৫৬০৯৯.০০** |
| | **অর্থ মন্ত্রণালয় কর্তৃক সিলিং:** | | **৪৬৩৬৩.০০** | **৫০৯৯৯.০০** | **৫৬০৯৯.০০** |
| | | | ০.০০ | ০.০০ | ০.০০ |

০৩.০২.২২

ছামছুন নাহার
সিনিয়র সহকারী সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার